শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৩৫ তম কর্পোরেশন সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জামাল মোস্তফা, প্যানেল মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ০১ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ || ১৫ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ
সময় : দুপুর ০১.০০ টা
স্থান : ঢাকা উত্তর সিটি কর্পোরেশন প্রধান কার্যালয় (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা **পরিশিষ্ট "ক"**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে স্বাগত জানান। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। অতপর: সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তাকে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে ডিএনসিসি'তে সদ্যযোগদানকৃত কর্মকর্তাদের পরিচয় প্রদানের অনুরোধ জানান। পরিচয় পর্ব শেষে প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| **আলোচ্যসূচি-১** | : | বিগত ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ৩৪তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ প্রসঙ্গে। |
|---|---|---|
| আলোচনা | : | বিগত ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ৩৪তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | ৩৪তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| **আলোচ্যসূচি-২** | : | **৩৪তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি** |
|---|---|---|
| আলোচনা | : | সভায় ৩৪তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে আহ্বান জানানো হয়। |
| সিদ্ধান্ত | : | ৩৪তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| **আলোচ্যসূচি-৩** | : | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত প্রস্তুতি পর্যালোচনা। |
|---|---|---|
| আলোচনা | : | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের বিষয় সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক আয়োজিত অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের বিষয়ে উপস্থিত সকলেই একমত গ্রহণ করেন। |
| সিদ্ধান্ত | : | ১৭ মার্চ ২০২০ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>১. উৎসবমূখর পরিবেশে জনসমাগম পরিহার পূর্বক সীমিত আকারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন করতে হবে।<br>২. ১৭ মার্চ ২০২০ তারিখ বাদ আছর ডিএনসিসি'র আওতাধীন সকল মসজিদে দোয়া আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. ১৭ মার্চ ২০২০ তারিখ রাত ০৮.০০ টায় হাতিরঝিলে আতশবাজির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিটি ওয়ার্ডে এশিয়াটিক ইভেন্ট ম্যানেজমেন্টকে এ দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. সম্মানিত কাউন্সিলরবৃন্দ ডিএনসিসি'র আওতাধীন এতিমখানাসমূহে মিষ্টি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। বর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা সাধারণ ওয়ার্ডের |

| | | |
|---|---|---|
| | | সকল সম্মানিত কাউন্সিলর এর অনুকূলে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা করে এবং সংরক্ষিত ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৫. ডিএনসিসি'র মূলভবন বিদ্যুৎ বিভাগ কর্তৃক এবং মার্কেটসমূহ রাজস্ব বিভাগ কর্তৃক এবং মহাখালী ও গাবতলী বাস টার্মিনাল মহাব্যবস্থাপক (পরিবহন) কর্তৃক আলোক সজ্জার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬. ডিএনসিসি'র আওতাধীন এলাকার প্রতিটি লাইটপোস্ট লাইটিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭. প্রতিটি ওয়ার্ডে তথ্য মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত পোস্টার লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | ১. সম্মানিত কাউন্সিলর (সকল) , ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>২. প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>৩. মহাব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>৪. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৪** | : | পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কর্মসূচি সম্পর্কিত আলোচনা। |
| আলোচনা | : | সভায় ডিএনসিসি'র আওতাধীন ওয়ার্ডসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে সম্মানিত কাউন্সিলরবৃন্দকে অনুরোধ করা হয়। ডিএনসিসি'র আওতাধীন এলাকার ড্রেন পরিষ্কারের জন্য আউটসোর্সিং এর মাধ্যমে প্রতিটি ওয়ার্ডে ১০ জন করে শ্রমিক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়। |
| সিদ্ধান্ত | : | ডিএনসিসি'র আওতাধীন এলাকার ড্রেন পরিষ্কারের জন্য প্রতিটি ওয়ার্ডে ১০ জন করে শ্রমিক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৫** | : | করোনা ভাইরাস (COVID-19) এর বিষয়ে সচেতনতা বৃদ্ধি সম্পর্কিত আলোচনা। |
| আলোচনা | : | সভায় করোনা ভাইরাস এর বিষয়ে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়। করোনা ভাইরাস থেকে জনসাধারণকে নিরাপদে রাখার লক্ষ্যে ডিএনসিসির'র প্রতিটি অঞ্চলে জনসমাগম হয় এরূপ সুবিধাজনক ৫টি স্থানে ড্রামসহ হ্যান্ড ওয়াশ/সাবান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। |
| সিদ্ধান্ত | : | প্রতিটি অঞ্চলে জনসমাগম হয় এরূপ সুবিধাজনক ৫টি স্থানে মোবাইল বেসিন এবং বেসিনে হ্যান্ড ওয়াশ/সাবান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) , ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৬** | : | বর্ধিত এলাকার রেট চার্ট পর্যালোচনা ও অনুমোদন। |
| আলোচনা | : | বর্ধিত এলাকার রেট চার্ট পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | অধিকতর পর্যালোচনা করে পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৭** | : | বিবিধঃ বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে খসড়া Land Use Agreement and Waste Supply Agreement অনুমোদন প্রসঙ্গে। |
| আলোচনা | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন, বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদনের লক্ষে বিদ্যুৎ বিভাগের প্রস্তাবিত খসড়া Land Use Agreement এবং Waste Supply Agreement এ ডিএনসিসি'র অংশীদারিত্ব ও ভূমিকা বিষয়ে আইন বিভাগের মতামত গ্রহণ করা হয়। আইন বিভাগের মাধ্যমে ব্যারিস্টার তৌফিক এন্ড কাউন্সেলস কর্তৃক Agreement আংশিক সংশোধন ও মতামতসহ ভ্যাটিং করা হয়েছে। উক্ত খসড়া Agreement চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত | : | খসড়া Land Use Agreement এবং Waste Supply Agreement এ ডিএনসিসি'র অংশীদারিত্ব ও ভূমিকা বিষয়ে প্রণীত Agreement চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**স্বাক্ষরিত/-**
**(মোঃ জামাল মোস্তফা)**
প্যানেল মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা

তারিখঃ ১৫-মার্চ-২০২০

নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০০৪.১৫.১৩৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........./সংরক্ষিত ওয়ার্ড নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. ......................................................................., বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ..............., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৭. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. অফিস কপি।

(মোঃ মোজাম্মেল হক)
(যুগ্মসচিব)
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।